গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মহিলা বিষয়ক অধিদপ্তর, সুনামগঞ্জ

# সিটিজেন চার্টার

**১. ভিশন ও মিশনঃ**

**ভিশনঃ জেন্ডার সমতা আনয়নে নারীর ক্ষমতায়ন ও উন্নয়ন।**

**মিশনঃ ব্যাপক ভাবে অর্থনৈতিক কান্ডে অংশগ্রহন করার লক্ষে প্রয়োজনীয় দক্ষতা ও যোগ্যতা অর্জনে সহায়তাকরণ, আইনী সহায়তা প্রদান এবং অবকাঠামোগত সুযোগ সৃষ্টির দ্বারা নারীদের ক্ষমতায়নের মাধ্যমে জেন্ডার সমতা আনয়ন।**

**২. সেবা প্রদান ও প্রতিশ্রুতি**

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | সেবা প্রাপ্তির স্থান | সেবার মূল্য এবং পরিশোধ পদ্ধতি | সেবা প্রদানের সময়সীমা | দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (নাম,পদবী, ফোন নম্বর ও ই-মেইল) |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
| ১ | ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) কার্যক্রম | ভিডব্লিউবি কার্যক্রমের আওতায় প্রতি ২ (দুই) বৎসর বা ২৪ মাস মেয়াদী ভিডব্লিউবি চক্রে সুনামগঞ্জ জেলার সকল উপজেলায় নির্বাচিত অতিদরিদ্র মহিলাদেরকে খাদ্য সহায়তার পাশাপাশি নির্বাচিত এনজিও'র মাধ্যমে জীবনদক্ষতা উন্নয়নমূলক প্রশিক্ষণ এবং টেকসই আয়বর্ধক কর্মকান্ডের প্রশিক্ষণ সেবা প্রদান করা হয়। | উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, সুনামগঞ্জ।<br><br>সংশ্লিষ্ট উপজেলা মহিলা কর্মকর্তার কার্যালয়<br><br>সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কার্যালয়। | উপকারভোগী মহিলা বাছাই/ নির্বাচনের প্রাথমিক তালিকার 'ছক' এবং তালিকার চূড়ান্ত 'ছক' বিনামূল্যে প্রদান করা হয়। | ২৪ মাস | উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, সুনামগঞ্জ।<br>ফোনঃ 02998842082<br>ই-মেইল-<br>dwa.sunamgonj@gmail.com |
| ২ | মা ও শিশু সহায়তা তহবিল কর্মসূচির আওতায় ভাতা প্রদান | সুনামগঞ্জ জেলা ১১টি উপজেলাধীন ৮৭টি ইউনিয়ন ও জেলাধীন ৪টি পৌরসভা পর্যায়ে চলমান এ কর্মসূচি। নির্বাচিত ভাতাভোগীকে মাসিক ৮০০/-(আটশত) টাকা হারে ভাতাভোগীর স্ব-স্ব ব্যাংক হিসাবে প্রতি মাসে মোট ৩৬ মাস অর্থ প্রদান করা হয়।<br>ভাতা প্রদানের পাশাপাশি ইউনিয়ন রিসোর্স পুল গঠনপূর্বক তাদের সহায়তায় উপকারভোগীদের গর্ভকালীন, প্রসবপূর্ব ও পরবর্তী যত্ন , মা ও শিশু স্বাস্থ্য পরিচর্যা, পুষ্টি, মাতৃদুগ্ধপান, জন্মনিবন্ধন, স্বাস্থ্য কেন্দ্র | ২০-৩৫ বছর বয়সী ১ম বা ২য় গর্ভবতী মহিলারা ৪-৬ মাসের গর্ভাবস্থায় আবেদন করতে পারবেন, যা প্রতি মাসের ১-২০ তারিখ পর্যন্ত স্থানীয় ইউনিয়ন/ পৌরসভা ডিজিটাল সেন্টারে আবেদন করা যায়।<br>আবেদন করার নিয়ম ও ধাপসমূহ:<br><br>অনলাইন আবেদন: সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ ডিজিটাল সেন্টারে গিয়ে প্রয়োজনীয় তথ্য (জাতীয় পরিচয়পত্র, নাম, জন্ম | প্রত্যেক ভাতাভোগীকে প্রতি মাসে ৮০০ টাকা হারে ভাতা প্রদান করা হয়। উল্লেখ্য MIS Software এ Data Entry করার পর প্রধান কার্যালয় হতে BEFTN এর মাধ্যমে Digital Payment হিসাবে প্রত্যেক ভাতাভোগীর নিজস্ব ব্যাংক/মোবাইল/এজেন্ট ব্যাংক হিসাবে প্রেরণ করা হয়। প্রদান কার্যালয় হতে Payment করা হয়। | ভাতার পরিমাণ:<br>প্রতি মাসে ৮০০ টাকা করে, মোট ৩৬ মাস (৩ বছর) বা মোট ২৮,৮০০ টাকা প্রদান করা হয়।<br>যোগ্যতা:<br>গর্ভবতী নারীর বয়স ২০-৩৫ বছরের মধ্যে হতে হবে এবং গর্ভাবস্থা অবশ্যই ১ম বা ২য় হতে হবে। | উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, সুনামগঞ্জ।<br>ফোনঃ 02998842082<br>ই-মেইল-<br>dwa.sunamgonj@gmail.com |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | পরিচিতি, টিকা ইত্যাদি সম্পর্কিত সচেতনতা মূলক প্রশিক্ষণ প্রদান করা হয় । | তারিখ, মোবাইল নম্বর, ব্যাংক/মোবাইল ব্যাংকিং অ্যাকাউন্ট) দিয়ে আবেদন ফর্ম পূরণ করুন।<br>প্রয়োজনীয় কাগজপত্র:<br>১। জাতীয় পরিচয়পত্র (NID)।<br>২। স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অধিদপ্তর প্রদত্ত ANC কার্ড (এন্টিনেটাল কেয়ার কার্ড)।<br>৩। আবেদনকারীর নিজস্ব সচল ব্যাংক/মোবাইল ব্যাংকিং (বিকাশ/রকেট) অ্যাকাউন্ট।<br>আবেদন ফি: স্থানীয় ডিজিটাল সেন্টারে আবেদন করলে সাধারণত ৪০ টাকা ফি প্রযোজ্য হয়। | | | |
| ৩ | মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কার্যক্রম | বর্তমান নীতিমালা অনুযায়ী প্রশাসনিক মন্ত্রণালয় হতে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রাপ্ত বরাদ্দ জেলা ও উপজেলায় প্রেরণ করা হয়। জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয় হতে নির্ধারিত ফরম পূরণ পূর্বক উপকারভোগী নির্বাচন করে<br>১। এককভাবে ২৫,০০০/-(পচিঁশ হাজার)-৭৫,০০০/-(পঁচাত্তর হাজার);<br>২। দলীয়ভাবে ১ লক্ষ-২ লক্ষ;<br>৩। সার্ভিস চার্জ ৫%;<br>৪। গ্রেস পিরিয়ট-২ মাস;<br>৫। সর্বোচ্চ ১ বছরের জন্য ১০ কিস্তি এবং ২ বছরের জন্য ২২ কিস্তিতে পরিশোধ যোগ্য ঋণ বিতরণ করা হয়। | ১। আবেদন ফরম<br>২। জাতীয় পরিচয় পত্র/জন্ম সনদ<br>৩। ০৩কপি পাসপোর্ট সাইজ ছবি<br>৪। ওয়ার্ড কমিশনার/চেয়ারম্যান কর্তৃক স্থায়ী নাগরিকতার সার্টিফিকেট<br>৫। ৩০০/- নন জুডিশিয়াল স্ট্যাম্প<br><br>প্রাপ্তির স্থান:<br>জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়। | ১। আবেদন ফরম বিনামূল্যে বিতরণ করা হয়।<br>২। তিন কপি ছবি= ১০০ টাকা+স্ট্যাম্প =৩০০ টাকা মোট মূল্য= ৪০০ টাকা উপকারভোগী কর্তৃক পরিশোধিত। | প্রতি অর্থ বছরের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে জেলা/ উপজেলায় সুবিধাজনক সময়ের মধ্যে সর্বোচ্চ ১ থেকে ৩ মাসের মধ্যে (বন্যা, প্রাকৃতিক দূর্যোগের কারণে ঋণ বিতরণ বিলম্বিত হতে পারে।) | উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, সুনামগঞ্জ।<br>ফোনঃ 02998842082<br>ই-মেইল-<br>dwa.sunamgonj@gmail.com |
| ৪ | মহিলাদের বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র। | নির্ধারিত আবেদন ফরম পূরণ স্বাপেক্ষে জেলা কমিটির মাধ্যমে তিনমাস পর পর ০৫টি ট্রেডে ১০জন করে সর্বমোট ৫০জন প্রশিক্ষণার্থী নির্বাচন করা হয়। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে দৈনিক ১০০/- টাকা হারে ভাতা প্রদান করা হয় এবং | ১। আবেদন ফরম<br>২। জন্ম সনদ<br>৩। ০৩কপি পাসপোর্ট সাইজ ছবি<br>৪। শিক্ষাগত যোগ্যতার সনদ (নূন্যতম ৮ম শ্রেণী পাশ) | আবেদনের জন্য নির্ধারিত ফরম সংশ্লিষ্ট প্রশিক্ষণ কেন্দ্র হতে সরবরাহ করতে হয়। | ৩ (তিন) মাস মেয়াদে বিনা মূল্যে প্রশিক্ষণ প্রদান করা হয়। | উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, সুনামগঞ্জ।<br>ফোনঃ 02998842082<br>ই-মেইল-<br>dwa.sunamgonj@gmail.com |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | প্রশিক্ষণ মেয়াদ শেষে সনদপত্র বিতরণ করা হয়। | প্রাপ্তির স্থান: জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়। | | | |
| ৫ | নারী নির্যাতন প্রতিরোধ কার্যক্রম | নির্যাতিত ও অসহায় নারীদের অভিযোগ গ্রহণ ও আইনগত পরামর্শ প্রদান।<br>বাদী ও বিবাদী পক্ষের মধ্যে সালিশ/কাউন্সিলিং এর মাধ্যমে পারিবারিক সকল বিরুধ মিমাংসা করা।<br>পারিবারিক নির্যাতনের শিকার নারীদের ভরন পোষণ আদায়ের ব্যবস্থা করা।<br>নির্যাতিত ও তালাক প্রাপ্ত নারীদের দেনমোহর আদায়ের ব্যবস্থা করা।<br>নাবালক সন্তানের খরপোষ আদায়ের ব্যবস্থা করা।<br>যৌতুক প্রথাকে নিরুৎসাহিত করা।<br>নারী ও শিশু নির্যাতন, ইফটিজিং, যৌন হয়রানী ও বাল্য বিবাহ নিরোধের পক্ষে কাজ করা।<br>বিজ্ঞ আদালত হতে প্রাপ্ত মামলা সমুহ তদন্ত স্বাপেক্ষে প্রতিবেদন দাখিল করা হয়।<br>প্রত্রিকয় প্রকাশিত নারী নির্যাতন সংক্রান্ত ঘটনার তথ্য সংরক্ষণ এবং অলোআপ। | প্রাপ্তির স্থান: জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়। | বিনা মূল্যে | আবেদনের প্রেক্ষিতে কমপক্ষে ১৫ কার্যদিবস। | উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, সুনামগঞ্জ।<br>ফোনঃ 02998842082<br>ই-মেইল-<br>dwa.sunamgonj@gmail.com |
| ৬ | দুঃস্থ মহিলা ও শিশু সাহায্য তহবিল | জেলা মনোনয়ন কমিটির মাধ্যমে আবেদন পত্র যাছাই বাছাই করে সুপারিশ সহ বোর্ড ও ট্রাষ্টির উপ-কমিটির নিকট প্রেরণ করেন। | প্রাপ্তির স্থান: জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়। | বোর্ডের অনুমোদন স্বাপেক্ষে যথাক্রমে ৩,০০০/- টাকা হতে ১৫,০০০/- টাকা পর্যন্ত অর্থ সাহায্য করা হয়। | নূন্যতম ০৬ মাস | উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, সুনামগঞ্জ।<br>ফোনঃ 02998842082<br>ই-মেইল-<br>dwa.sunamgonj@gmail.com |
| ৭ | স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন, নিয়ন্ত্রণ ও অনুদান বিতরণ | নির্ধারিত আবেদন ফরম পূরণ ও নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করার মাধ্যমে স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন, নিয়ন্ত্রণ ও অনুদান বিতরণ করা। | প্রাপ্তির স্থান: জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়। | বিনা মূল্য | নির্ধারিত আবেদন ফরম পূরণ ও নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করার তারিখ হতে পরবর্তী ৩ মাস পর্যন্ত। | উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, সুনামগঞ্জ।<br>ফোনঃ 02998842082<br>ই-মেইল-<br>dwa.sunamgonj@gmail.com |
| ৮ | অদম্য নারী পুরস্কার | নির্ধারিত আবেদন ফরম পূরণ ও | প্রাপ্তির স্থান: | বিনা মূল্য | প্রতি বছর ০৯, ডিসেম্বর বেগম | উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | প্রদান কার্যক্রম | নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় কাগজপত্র দাখিল করার মাধ্যমে ০৫টি ক্যাটাগরিতে যথাক্রমে-(১) অর্থনৈতিক ভাবে সাফল্য অর্জনকারী নারী (২) শিক্ষা ও চাকুরী ক্ষেত্রে সাফল্য অর্জন কারী নারী (৩) সফল জননী (৪) সমাজ উন্নয়নে অবদান রেখেছেন যে নারী (৫) নির্যাতনের দুঃস্বপ্ন মুছে ফেলে নতুন উদ্যমে জীবন শুরু করেছে যে নারীদেরকে পর্যায়ক্রমে ইউনিয়ন, উপজেলা, জেলা, বিভাগীয় পর্যায়ে অদম্য নারী নির্বাচন করার মাধ্যমে পুরস্কৃত করা হয়। | জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়। | | রোকেয়া দিবসে নির্বাচিত অদম্য নারী'দের সম্মাননা প্রদান করা হয়। | সুনামগঞ্জ।<br>ফোনঃ 02998842082<br>ই-মেইল-<br>dwa.sunamgonj@gmail.com |
| ৯ | দরিদ্র ও দুঃস্থ মহিলাদের আত্ন-কর্মসংস্থানের জন্য সেলাই মেশিন বিতরণ। | প্রশাসনিক মন্ত্রণালয়ের জিও প্রাপ্তির পর জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ের মাধ্যমে বিতরণ করা হয়। | জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়। | জিওর নির্ধারিত শর্ত মোতাবেক প্রয়োজনীয় কাগজ পত্র সরবরাহের পর সেলাই মেশিন বিতরণ করা হয়। | জিওর জারীর তারিখ হতে পরবর্তী ৩ মাস পর্যন্ত। | উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, সুনামগঞ্জ।<br>ফোনঃ 02998842082<br>ই-মেইল-<br>dwa.sunamgonj@gmail.com |
| ১০ | তথ্য অধিকার আইন-২০০৯ | সেবা গ্রহণকারীর সরাসরি আবেদন | তথ্য প্রদান ইউনিটঃ<br>জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়। | প্রকৃত মূল্য | অনুরোধ প্রাপ্তির তারিখ হইতে অনধিক ২০ কার্যদিবস। তথ্য প্রদানের সাথে অন্য শাখার সংশ্লিষ্টতা থাকলে ৩০ কার্যদিবস। | উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, সুনামগঞ্জ।<br>ফোনঃ 02998842082<br>ই-মেইল-<br>dwa.sunamgonj@gmail.com |
| ১১ | বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালন | সরকার নির্ধারিত হারে অর্থ বরাদ্দের প্রাপ্তিতে সুনামগঞ্জ জেলা সহ ১১টি উপজেলায় জেলা/উপজেলা প্রশাসন এবং সরকারী-বেসরকারী প্রতিষ্ঠানকে সথে নিয়ে মানববন্ধন, র‍্যালী, আলোচনা সভা দিবসের সাথে সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিযোগিতার আয়োজনের মাধ্যমে জন সচেতনতা সৃষ্টি সহ বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালন করা হয়। | জেলা/উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়। | বিনা মূল্যে | জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ের নির্ধারিত তারিখ। | উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর, সুনামগঞ্জ।<br>ফোনঃ 02998842082<br>ই-মেইল-<br>dwa.sunamgonj@gmail.com |